# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date : 18-05-2026** **Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>**

১। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে আজ নবান্নে মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে সরকারি কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন, অন্নপূর্ণা যোজনা সহ একাধিক বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ নানা বিষয় নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী বুধবার দু দিনের জেলা সফরে যাচ্ছেন।

৩। প্রাথমিকে ৩২ হাজার শিক্ষকের চাকরি বহাল রাখার কলকাতা হাইকোর্টের নির্দেশের ওপর এখনই কোনও স্থগিতাদেশ দিল না সুপ্রিমকোর্ট।

৪। দীর্ঘদিন লুকিয়ে থাকার পর বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পু আজ ইডির দপ্তরে হাজিরা দিয়েছে।
#দক্ষিণ চব্বিশ পরগণার ডায়মন্ড হারবারে, প্রাক্তন তৃণমূল কংগ্রেস বিধায়ক পুত্র-সহ পাঁচ জন গ্রেফতার।

৫। কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শুষ্ক ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কবার্তা। গরমে নাজেহাল সাধারণ মানুষ।

*************************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে আজ নবান্নে মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে, সরকারি কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন, অন্নপূর্ণা যোজনা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকের পর পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল সাংবাদিকদের জানান, ‘**অন্নপূর্ণা** যোজনা’-য় মন্ত্রিসভা নীতিগত অনুমোদন দিয়েছে। রাজ্য সরকারি **বাসে মহিলারা বিনা ভাড়ায়** যাতায়েত করতে পারবেন।

( বাইট- অগ্নিমিত্রা)

রাজ্য সরকারি কর্মচারী এবং বিধিবদ্ধ সংস্থা, নিগম, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদির **বেতন কাঠামো সংশোধনে**র লক্ষ্যে সপ্তম রাজ্য বেতন কমিশন গঠনের সিদ্ধান্ত হয়েছে। এছাড়াও, তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তর এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনস্থ **ধর্মীয়** শ্রেণী বিন্যাসের ভিত্তিতে প্রদত্ত সহায়তামূলক **প্রকল্পগুলি, এমাস পর্যন্ত** চলবে। পরের মাস থেকে তা বন্ধ করা হবে। **সংরক্ষণ ও তালিকা** পুনর্বিবেচনার ক্ষেত্রে, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী নতুন করে অনুসন্ধানের পর হাইকোর্ট যেসমস্ত গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করেছে, সে বিষয়ে রাজ্য সরকার সিদ্ধান্ত নেবে।

*************************************************************************

প্রতিশ্রুতি অনুযায়ী মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ জনতার দরবার শুরু করেছেন। সল্টলেকের বিজেপি কার্যালয়ে আজ তিনি চাকরি প্রার্থিদের অভাব অভিযোগ শোনেন। দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় জনতার দরবারে যারা অভিযোগ জানাবেন, তাদের নাম নথিভুক্তকরণের কাজ আজ সকাল থেকে শুরু হয়েছে।

*************************************************************************

বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দু দিনের জেলা সফরে যাচ্ছেন। আগামী বুধবার সকালে কলকাতা থেকে রওনা হয়ে বাগডোগরা পৌঁছে শিলিগুড়ির উত্তরকন্যায় উত্তরবঙ্গের ৭ জেলার প্রশাসনিক আধিকারিকদের নিয়ে পর্যালোচনা বৈঠক করবেন বলে নবান্ন সূত্রে খবর। আলিপুরদুয়ার, কালিম্পং, দার্জিলিং, কোচবিহার সহ উত্তরবঙ্গের বিভিন্ন জেলার জেলা শাসক, পুলিশ সুপার ছাড়াও নবনির্বাচিত বিধায়কদের বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার, পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমানের প্রশাসনিক আধিকারিক ও বিধায়কদের সঙ্গে বৈঠকের কর্মসূচি রয়েছে মুখ্যমন্ত্রীর।

*************************************************************************

রাজ্য সরকার, খাদ্য ও সমবায় দপ্তরের মন্ত্রী অশোক কীর্তনীয়ার ব্যক্তিগত সচিব হিসাবে ২০১৬ ব্যাচের ডব্লুবিসিএস এক্সিকিউটিভ আধিকারিক কৌশিক কুমার মাইতিকে নিয়োগ করেছে। বর্তমানে তিনি দক্ষিণ চব্বিশ পরগনার জেলা পরিকল্পনা আধিকারিক পদে কর্মরত রয়েছেন। অন্যদিকে আদিবাসী কল্যাণ ও উন্নয়ন দপ্তরের মন্ত্রী ক্ষুদিরাম টুডু র প্রধান সচিব হিসাবে ২০১৬ ব্যাচের ডব্লুবিসিএস আধিকার কৃষ্ণচন্দ্র মুন্ডা কে নিয়োগ করা হয়েছে। বর্তমানে তিনি বাঁকুড়ার খাতরার ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর পদে কর্মরত রয়েছেন। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এই দুই সচিবের নিয়োগের খবর জানানো হয়েছে।

*************************************************************************

জাতীয় শিক্ষানীতি বাংলায় কার্যকর করার ব্যাপারে আজ বিকাশ ভবনে বৈঠক করেন বিজেপি বিধায়ক স্বপন দাশগুপ্ত ও শঙ্কর ঘোষ। বৈঠকে শিক্ষা সচিব বিনোদ কুমার সহ অন্যান্য আধিকারিকরা হাজির ছিলেন। শিক্ষা দপ্তরের কাজকর্ম পর্যালোচনা করেন তারা। মূলত, জাতীয় শিক্ষানীতি রাজ্যে কিভাবে কার্যকর করা যাবে তার রূপরেখা নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

*************************************************************************

প্রাথমিকে ৩২ হাজার শিক্ষকের চাকরি বহাল রাখার কলকাতা হাইকোর্টের নির্দেশের ওপর আপাতত কোনও স্থগিতাদেশ দিলেন না সুপ্রিমকোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত ও বিচারপতি সতীশ চন্দ্র শর্মার

বেঞ্চ। অগাস্টের তৃতীয় সপ্তাহে এই মামলার পরবর্তী শুনানি। ইতিমধ্যে সব পক্ষকে হলফনামা দিয়ে তাদের বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। কলকাতা হাইকোর্টের বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরি বহাল রাখার নির্দেশ দিয়েছিলেন। কারন ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ ছিল সিবিআই তদন্তে দূর্নীতির বা অনিয়মের প্রমান মেলেনি। সেই নির্দেশের বিরুদ্ধে শীর্ষ আদালতে আবেদন জানিয়েছিলেন বঞ্চিত চাকরি প্রার্থীরা।

*************************************************************************

বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পু আজ ইডির দপ্তরে হাজিরা দিয়েছে। দীর্ঘদিন লুকিয়ে থাকার পর অবশেষে হাজিরা দেয়। আর্থিক প্রতারণা ও তোলাবাজি সহ অসংখ্য বেআইনি কাজে যুক্ত থাকার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের সঙ্গেও সে বিভিন্ন বেআইনি কাজে যুক্ত ছিল বলে ইডি আধিকারিকদের দাবি। সিজিও কমপ্লেক্সে তার জেরা চলছে।

*************************************************************************

তোলাবাজি, হুমকি ও অবৈধভাবে অর্থ আদায়ের অভিযোগে আসানসোল উত্তর ব্লকের তৃণমূল সভাপতি রাজু আলুওয়ালিয়াকে গ্রেফতার করেছে পুলিশ। তার বিরুদ্ধে দীর্ঘদিন ধরে তোলাবাজি ও ভয়ভীতি প্রদর্শনের একাধিক অভিযোগ ছিল। পুলিশ জানিয়েছে, এই তোলাবাজি চক্রে আর কারা জড়িত তা তদন্ত করে দেখা হচ্ছে। ধৃতকে আজ আসানসোল আদালতে পেশ করলে তিনদিনের পুলিশি হেফাজত হয়।

*************************************************************************

দক্ষিণ চব্বিশ পরগণার ডায়মন্ড হারবারে, বিষ্ণুপুরের প্রাক্তন তৃণমূল কংগ্রেস বিধায়ক দিলীপ মন্ডলের পুত্র অভীক ওরফে অর্ঘ্য মণ্ডল সহ পাঁচ জনকে পুলিশ গ্রেফতার করেছে। গতকাল গভীর রাতে লালবাটি এলাকায় বেআইনি জমায়েত এবং অস্ত্র রাখার অভিযোগে তাদের আটক করা হয়। ধৃত সৈকত রায়, রাজু নস্কর, শুভজিত বাল্মিকি এবং সন্দীপ সেন সহ পাঁচ জনই পৈলানের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে, অভিযান চলাকালীন দুটি আগ্নেয়াস্ত্র ও একটি গাড়ি উদ্ধার হয়েছে। ধৃতদের আজ ডায়মন্ডহারবার মহকুমা আদালতে তোলা হবে।

*************************************************************************

দক্ষিণ চব্বিশ পরগণার ফলতার তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গীর খান রক্ষা কবচের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। তাঁর বিরুদ্ধে বেশ কয়েকটি মিথ্যা এফআইআর দায়ের হওয়ায় তিনি সুরক্ষার জন্য আদালতে এসেছেন বলে আবেদনে জানানো হয়েছে। আইনজীবী কিশোর দত্ত, কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্জের এজলাসে দ্রুত শুনানির আবেদন জানিয়েছেন। আজ দুপুর দুটোয় এই শুনানি হওয়ার সম্ভাবনা।

*************************************************************************

কলকাতায় বেআইনি পার্কিং রুখতে কড়া পদক্ষেপ নিচ্ছে পুলিশ-প্রশাসন। নির্দিষ্ট জায়গা ছাড়া পার্কিং করলে দিতে হবে জরিমানা। রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন রাস্তার দু’ধারে অবৈধভাবে

পার্কিং বন্ধ হবে। পার্কিংয়ের নিয়ম নেই, এমন জায়গায় কোনও গাড়ি রাখা যাবে না বলে স্পষ্ট জানান তিনি। এদিকে পুর দপ্তরের তরফে বার্তা পাওয়ার পরেই ২৭টি ট্রাফিক গার্ডে বেআইনি পার্কিং ইস্যুতে বিশেষ অভিযান চালায় কলকাতা পুলিশ। এদিকে পার্কিংয়ের সঙ্গে যুক্ত থাকা কর্মীদের নির্দিষ্ট পোশাকের ব্যবস্থা রাজ্যসরকার করবে বলে জানা গেছে।

*********************************************************************

আসানসোলের বাংলা-ঝাড়খণ্ড সীমানার ডুবরডিহি চেকপোস্টে এক পথ দুর্ঘটনায় রমেন সাহা নামে সিভিক ভলেন্টিয়ারের মৃত্যু হয়েছে। শনিবার গভীর রাতে চেকপোস্টে ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করার সময় ঝাড়খণ্ডের দিক থেকে আসা একটি দ্রুতগতির পিকআপ ভ্যান ওই সিভিক ভলেন্টিয়ারকে সজোরে ধাক্কা মারে। গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে তাঁকে দুর্গাপুরের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

*********************************************************************

আগামী ২৮ মে রাজ্যজুড়ে ঈদ উল আজহা পালিত হবে বলে কলকাতার নাখোদা মসজিদের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। মসজিদ কমিটি গতকাল এক বৈঠকের পর এই সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জানিয়েছেন, মসজিদ কমিটির ট্রাস্টি বোর্ডের কনভেনর নাসের ইব্রাহিম।

*********************************************************************

কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী সাতদিন শুষ্ক ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কবার্তা জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। ঝোড়ো হাওয়া সাময়িক স্বস্তি দিতে পারে দুই-এক দিন। তবে, অস্বস্তি কমবে না। কলকাতা ও তার আশপাশ অঞ্চলে তাপমাত্রা ৩৬ থেকে ৩৭ ডিগ্রি সেলসিয়াস থাকার সম্ভাবনা। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা বাড়তে পারে ৩৮ থেকে ৩৯ ডিগ্রী সেলসিয়াস পর্যন্ত। বিক্ষিপ্ত ভাবে কয়েক জায়গায় হালকা বৃষ্টি হলেও তাতে গরম কমার কোনও সম্ভাবনা নেই। তাপমাত্রাতেও বিশেষ কোনও হেরফের হবে না আগামী কয়েক দিন। পারদ উর্ধ্বমুখী মহানগরী কলকাতায়। আজ সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২.৩ ডিগ্রি বেশি।

অন্যদিকে, উত্তরবঙ্গের জেলাগুলিতে প্রায় গোটা সপ্তাহই অল্পবিস্তর ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোনও কোনও দিন ভারী বৃষ্টিরও পূর্বভাস রয়েছে। আগামী কয়েক দিন গোটা উত্তরবঙ্গেই দমকা হাওয়া বইতে পারে। আগামী বৃহস্পতি, শুক্র এবং শনিবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে কোনও কোনও জেলায়।

*********************************************************************

শেওড়াফুলির তরুণ সংঘের উদ্যোগে গতকাল সারা বাংলা আমন্ত্রণ মূলক দেহ সৌষ্ঠব ও মেন্স ফিজিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। পাঁচটি ওজন বিভাগে দেড়শো প্রতিযোগী অংশ নিয়েছিলেন। হাওড়ার অভিষেক গুপ্ত চ্যাম্পিয়ন্স হয়েছেন ।রানার্স আপ হয়েছেন নদীয়ার অভিজিৎ বিশ্বাস । মেন্স ফিজিক বিভাগে

শুভজিৎ দাস বিজয়ী হয়েছেন। প্রাক্তন মিস্টার ইন্ডিয়া দামোদর চ্যাটার্জী, অঞ্জন মিত্র ,তাপস দত্ত প্রমূখ বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন।

***************************************************************************